

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহরিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী



MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

২৬ মার্চ ২০২০

আজ ২৬ মার্চ, আমাদের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। ১৯৭১ সালের এ দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ডাকে সাড়া দিয়ে বাঙালি জাতি ঝাপিয়ে পড়েছিল পাকিস্তানী শাসকদের দুঃশাসন, শোষণ ও নির্যাতনের বিরুদ্ধে। স্বাধীনতার সুবর্ণজয়ত্বী আমাদের দ্বারপ্রান্তে এবং বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বছরব্যাপী মুজিববর্ষ পালন করা হচ্ছে যা আমাদের জন্য একটি দূর্লভ সম্মান।

পাকিস্তানি হানাদার বাঙালি জাতিকে চিরতরে স্তুতি করে দিতে ১৯৭১ সালের ২৫ মার্চ নিরস্ত্র বাঙালির ওপর নির্বিচারে গণহত্যা চালিয়েছিল। একান্তরের বীভৎস গণহত্যা শুধু বাংলাদেশের নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি কালো অধ্যায়। এ দিনের স্মরণে বাংলাদেশের মহান জাতীয় সংসদে ২৫ মার্চকে 'জাতীয় গণহত্যা দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ২০১৭ সালে। ২৬ মার্চের প্রথম প্রহরে বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ নামক স্বাধীন সর্বভৌম এদেশটি বিশ্বের মানচিত্রে স্বত্ত্বান্বিত স্থান করে নেয়।

আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যিনি বাঙালি জাতির বৰ্ষণনা ও নির্যাতন থেকে মুক্তির লক্ষ্যে স্বাধীনতা আর্জনের সুনীর্ধ সংগ্রামে নেতৃত্ব দিয়েছেন। বঙ্গবন্ধুর কালজয়ী নেতৃত্বে ১৯৫২ থেকে ১৯৭১ পর্যন্ত বাঙালির স্বাধিকার আদায়ের ধারাবাহিকতায় ভাষা, সংস্কৃতি ও স্বকীয়তার ভিত্তিতে আমরা অর্জন করেছি স্বাধীন, সর্বভৌম বাংলাদেশ। আমি শ্রদ্ধার সাথে স্মরণ করছি আমাদের স্বাধীনতা যুদ্ধের ৩০ লাখ শহিদসহ সকল মুক্তিযোদ্ধাকে যাদের সর্বোচ্চ আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন বাসভূমি।

বঙ্গবন্ধু এক কিংবদন্তীর নাম যিনি একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্তি, ধর্মনিরপেক্ষ এবং সমৃদ্ধ দেশ গড়ার স্বপ্ন দেখতেন। তাঁরই সুযোগ্য কল্যান মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। বাংলাদেশের প্রবৃদ্ধির হার আজ ৮.১৫ শতাংশ। অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। এই সকল কিছুই সম্ভব হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দ্রুততম সময়ের মধ্যে তৈরি করে দেয়া বিভিন্ন আইন ও নীতিমালার আলোকে, যার সঠিক বাস্তবায়ন হয়েছে গত দশকে মাননীয় প্রধানমন্ত্রী দেশের শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে।

উন্নয়নের এ অগ্রযাত্রায় সক্রিয় অংশগ্রহণ এবং বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণে অপরিসীম অবদান রাখার জন্য আমি বিশ্বের সকল প্রান্তে অবস্থানরত প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন জোনাই। আন্তর্জাতিক পরিমগ্নে জাতীয় স্বার্থ সংরক্ষণ ও দেশের ভাবমূর্তি সমূলতকরণে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ মিশনসমূহের নিবেদিতপ্রাণ কর্মকর্তা ও কর্মচারীদের জন্য রইল মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা।

মুক্তিযুদ্ধের চেতনায় উন্নুন্দ হয়ে 'সোনার বাংলা' গঠনে আমরা সবাই যার যার অবস্থান থেকে কাজ করবো এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য রেখে যাব একটি উন্নত আবাস - আজকের ঐতিহাসিক দিনে আসুন, নতুন করে এ শপথ করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি